গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল

ফেব্রুয়ারি /২০২১ মাসের ইনোভেশন টীমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৪ই ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং - ১৪০৭), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, গত মাসে (জানুয়ারি / ২০২১) মন্ত্রীপরিষদ বিভাগের উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী অত্র মন্ত্রণালয়ের আরও অনেক কার্যক্রম বাকি আছে। তার মধ্যে শোকেসিং একটি বড় কার্যক্রম যা দ্রুত সম্পন্ন করতে হবে। এছাড়া উদ্ভাবন ও সেবা সহজীকরণ সংক্রান্ত এক দিনের ওয়ার্কশপ অসম্পন্ন রয়েছে যা দ্রুত সম্পন্ন করার প্রয়োজন। সভাপতি উল্লেখ করেন যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী অসম্পাদিত কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য সকলকে আহ্বান জানান। সভাপতি এ মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট-কে উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি ও অন্যান্য বিষয়ে উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।
সিস্টেম এনালিস্ট সভাকে জানান যে, আগামী এপ্রিল মাসের মধ্যে শোকেসিং কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া একদিনের উদ্ভাবনী ও সেবা সহজীকরণ সংক্রান্ত কর্মশালা করার জন্য ইতিমধ্যে নথি উপস্থাপন করা হয়েছে এবং আশা করা যাচ্ছে যে মার্চ মাসের মধ্যে উদ্ভাবন ও সেবা সহজীকরণ সংক্রান্ত এক দিনের ওয়ার্কশপ ও ভার্চুয়াল শোকেসিং মার্চ / ২০২১ মাসে সম্পাদন করা সম্ভব হবে। ভার্চুয়াল শোকেসিং যথাযথভাবে সম্পাদন করার লক্ষ্যে ইতিমধ্যে আওতাধীন দপ্তর/সংস্থাকে শোকেসিং সংক্রান্ত ফোকাল পয়েন্ট মনোনয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বলা হয়েছে।
উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী একটি ডিজিটাল সেবা “পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা” তৈরি ও বাস্তবায়ন করা হয়েছে যা মন্ত্রণালয়ের ওয়েবসাইটের ই-সার্ভিস মেনুতে লিংক করা আছে। এ সংক্রান্ত একটি আদেশ সকল কর্মকর্তাদের প্রেরণ করা হয়েছে যেন তারা তাদের পরিদর্শন প্রতিবেদন এই ডিজিটাল সেবার মাধ্যমে আপলোড করতে পারে।

এছাড়া, ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য সময়ে সময়ে ওয়েবসাইটে প্রকাশ করে হালনাগাদ রাখা হচ্ছে।

উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের মুল্যায়নঃ

ক। মৎস্য নৌযানের লাইসেন্স প্রদান সংক্রান্ত তথ্যাদি ব্যবস্থাপনা। উদ্যোগটির উদ্ভাবক ড. মোঃ আবদুল লতিফ, উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, তার উদ্ভাবনটি সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, তার উদ্ভাবনের প্রধান কাজ হল নৌযান লাইসেন্স সংক্রান্ত তথ্যাদির ডাটাবেজ প্রস্তুতকরণ। এছাড়া উল্লেখযোগ্য কাজের মধ্যে নৌযান লাইসেন্স অথবা নবায়নের জন্য ছক প্রস্তুতকরণ এবং নৌযান লাইসেন্স অথবা নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্র /

ক্রয় বিক্রয় সংক্রান্ত তথ্যাদি সম্বলিত করা। উদ্ভাবক জানান যে, এ উদ্যোগটির প্রায় সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং সে মোতাবেক তিনি উদ্ভাবনী তথ্যাদি সভায় উপস্থাপন করেন।
উদ্ভাবনটির তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, নৌযান লাইসেন্স নম্বর বা রেজিস্ট্রেশন নম্বর কোনটিই দেয়া হয় নাই। এছাড়া, নৌযান মালিকের যোগাযোগের তথ্যাদি (মোবাইল) অনুপস্থিত। এ তথ্যসমূহ উদ্ভাবককে সংশ্লিষ্ট ডাটাবেজে সংরক্ষণের জন্য অনুরোধ করা হয়।

খ। “পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা” উদ্যোগের পর্যালোচনা। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সকল পরিদর্শনের প্রতিবেদন সংশ্লিষ্ট ডেস্ক অফিসারের নিকট সংরক্ষিত থাকে। প্রাপ্ত পরিদর্শনের প্রতিবেদনসমূহ সংশ্লিষ্ট ডেস্ক অফিসার কর্তৃক সংরক্ষণ এবং প্রয়োজন অনুসারে চাহিত তথ্যাদি প্রদান অনেক সময় দুরূহ হয়ে পড়ে এবং ক্ষেত্রবিশেষে চাহিত তথ্য মোতাবেক তা পাওয়া যায় নি। এই প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনসমূহ সহজেই ব্যবস্থাপনা করার লক্ষ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সাথে প্রতিবেদন প্রদান ও সংরক্ষণের একটি পেজ তৈরি করা হয়েছে। যাতে পরিদর্শনকারী তার পরিদর্শন শেষে পরিদর্শন প্রতিবেদন সহজে আপলোড করতে পারে। পরিদর্শন প্রতিবেদন আপলোড করলে অনলাইনে জমা থাকে এবং সংশ্লিষ্ট ডেস্ক অফিসার প্রাপ্ত প্রতিবেদনসমূহ কর্মকর্তাওয়ারি, দিন, মাস, প্রতিবেদন সংখ্যা, প্রতিবেদন ডাউনলোড, প্রতিবেদন প্রিন্ট ইত্যাদি করতে পারবেন। ফলে পরিদর্শন প্রতিবেদন সংরক্ষণকারী কর্মকর্তার পেশাগত কার্যক্রম সহজ হবে। উদ্যোগটি সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়।

সভায় উপস্থিত সকলে এই উদ্ভাবনী সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন এবং প্রতিবেদনের তথ্যে সাথে “সুপারিশসমূহ” তথ্য সংযোজন করা হলে আরও যথাযথ হয় মর্মে সভায় আলোচনা করা হয় এবং ইহা কার্যকরভাবে ব্যবহারের জন্য সকলে একমত পোষণ করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<u>**সিদ্ধান্তসমূহঃ**</u>

১। ইনোভেশন সংক্রান্ত সকল তথ্য সময়ে সময়ে ওয়েবসাইটে প্রকাশ করে ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে।
২। মৎস্য নৌযানের লাইসেন্স প্রদান সংক্রান্ত তথ্যাদি ব্যবস্থাপনা উদ্যোগের ডাটাবেজে নৌযানের লাইসেন্স নম্বর/রেজিস্ট্রেশন নম্বর ও নৌযানের মালিকের যোগাযোগের তথ্য সংযোজন করতে হবে।
৩। “পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা” উদ্যোগটিতে “সুপারিশসমূহ” নামক একটি ইনপুট বক্স যুক্ত করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।



মোঃ তৌফিকুল আরিফ
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.৫৬

তারিখ: ২ চৈত্র ১৪২৭
১৬ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
২) উপসচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৩) উপসচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৪) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৫) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৬) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট